



শিক্ষা উপদেষ্টা ও সচিবের পদত্যাগ দাবিতে সচিবালয়ে শিক্ষার্থীদের বিক্ষোভ, সচিব প্রত্যাহার



সংগৃহীত ছবি

রাজধানীর মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বিধ্বস্তে শিক্ষার্থীদের প্রাণহানির ঘটনার প্রতিবাদে এবং শিক্ষা উপদেষ্টা সি আর আবরার ও শিক্ষাসচিব সিদ্দিক জোবায়েরের পদত্যাগের দাবিতে বাংলাদেশ সচিবালয়ে ঢুকে পড়েছেন কয়েকশ শিক্ষার্থী।

মঙ্গলবার (২২ জুলাই) দুপুর আড়াইটার পর রাজধানীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ছাত্রছাত্রীরা সচিবালয়ের প্রধান ফটকের সামনে জড়ো হয়ে বিক্ষোভ শুরু করেন। এ সময় তারা দাবি পূরণের জন্য এক ঘণ্টার আল্টিমেটাম দেন। নির্ধারিত সময় পেরিয়ে যাওয়ার পর বিকেল ৩টা ৪০ মিনিটের দিকে বিক্ষোভকারীরা সচিবালয়ের ১ নম্বর গেট ভেঙে ভেতরে প্রবেশ করেন। সচিবালয়ে প্রবেশের সময় শিক্ষার্থীরা "ভুয়া ভুয়া" স্লোগানে মুখর ছিলেন। নিরাপত্তাজনিত কারণে সচিবালয়ের সব প্রবেশপথ বন্ধ করে দেওয়া হয় এবং আশপাশের সড়কে যান চলাচল সাময়িকভাবে স্থগিত রাখা হয়।

আন্দোলনকারীরা দাবি করছেন, একটি ভয়াবহ দুর্ঘটনায় এত শিশুর প্রাণহানি ঘটলেও সংশ্লিষ্ট শিক্ষা প্রশাসনের পক্ষ থেকে কার্যকর কোনো উদ্যোগ দেখা যায়নি। তাই দায়িত্বশীলদের অবিলম্বে পদত্যাগ করতে হবে—এই দাবি জানিয়েই তারা সচিবালয়ের অভ্যন্তরে প্রবেশ করেন।